'সিলেটে অনলাইন গণমাধ্যমের ইতিহাসে ড. রাগীব আলীর নাম স্বর্ণাক্ষরে লিখা থাকবে'

চেম্বার ডেস্ক ::
উপমহাদেশের বিশিষ্ট দানবীর ড.সৈয়দ রাগীব আলী বলেছেন, অনলাইন গনমাধ্যম সারা বিশ্বে অত্যন্ত জনপ্রিয়। সিলেট অনলাইন প্রেসক্লাব ইতোমধ্যে সাধারণ মানুষের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। প্রশাসন এবং সরকারের কাছেও গ্রহনযোগ্যতা পেয়েছে।
শনিবার (৬ আগস্ট) সিলেট অনলাইন প্রেসক্লাবের বর্ধিতকরণ কাজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
তিনি আরো বলেন, তিনি বলেন, একজন সাংবাদিকের প্রথম এবং প্রধান কাজ হলো দেশ ও সমাজের কল্যাণে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করা।
একটি দুষ্ট চক্র দেশকে অস্থীতিশীল করতে সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব রটায়। এদেরকে প্রতিরোধ করতে সিলেট অনলাইন প্রেসক্লাব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

ড. সৈয়দ রাগীব আলীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সিলেট অনলাইন প্রেসক্লাবের সভাপতি মুহিত চৌধুরী বলেন, সিলেটে অনলাইন সাংবাদিকতার ইতিহাসে ড. সৈয়দ রাগীব আলীর নাম স্বর্ণাক্ষরে লিখা থাকবে। তিনি সিলেট অনলাইন প্রেসক্লাবকে অফিস প্রদান করে অনলাইন গণমাধ্যম বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এটি তাঁর উল্লেখযোগ্য অবদান। শিক্ষা, সাহিত্য, চিকিৎসা ও সমাজসেবার পাশাপাশি গণমাধ্যমের উন্নয়নে ড. রাগীব আলী সবসময় আন্তরিক। ইতোপূর্বে তিনি সিলেট প্রেসক্লাবের একটি ভবন নির্মাণ করে দিয়েছিলেন।

এ সময় এ সময় অন্যান্যের মধ্যে মধ্যে উপস্থিত ছিলেন কবি কালাম আজাদ, লেখক কলামিস্ট আফতাব চৌধুরী, রাগীব রাবিয়া ফাউন্ডেশনের সচিব মেজর (অব.) শায়েখুল হক চৌধুরী, দৈনিক সিলেট ডাকের নির্বাহী সম্পাদক আব্দুল হামিদ মানিক, লিডিং ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সদস্য দেওয়ান সাকিব আহমেদ, দৈনিক সিলেট ডাকের সিনিয়র স্টাফ রিপোর্টার নুর আহমেদ, জসিম আল ফাহিম, স্টাফ ফটোসাংবাদিক ফয়সাল আহমেদ প্রমুখ।